## আমাদের সংগে যোগাযোগের বিবরণ

Contact a Family (কন্টাক্ট এ ফ্যামিলি)-র টেলিফোন নাম্বার:

**0808 808 3555**

সোমবার – শুক্রবার সকাল 10 টা – বিকাল 4 টা পর্যন্ত এবং সোমবার বিকাল 5.30টা – সন্ধ্যা 7.30টা পর্যন্ত ফোন করা যাবে।

**এই নাম্বারে ফোনকল ফ্রী।**

আমরা আনন্দের সংগে পরিবারটিকে ভাল করে জানেন ও চেনেন এমন অন্য কোনো পরিবার, পরিবারের বন্ধু -বান্ধবদেরকে বা অন্য কাউকে তথ্য দেবো।

ওয়েবসাইট:

**www.cafamily.org.uk**
**www.makingcontact.org**

এই প্রচারপত্রটির বিভিন্ন ভাষায় অনুবাদ Contact a Family-র কাছ থেকে পাওয়া যাবে।

## টেলিফোনে ইন্টারপ্রিটিং সেবা ব্যবস্থা

আপনি Contact a Family -কে ফোন করতে পারেন এবং 100টিরও বেশি ভাষায় পাশকরা ইন্টারপ্রিটারের (দোভাষীর) সেবা নিতে পারেন। তারা তথ্য জানার ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারবেন।

এই সেবা ব্যবস্থা ব্যবহার করতে হলে:

- Contact a Family -কে নিচের নাম্বারে ফোন করুন:
  **0808 808 3555**
- তাদেরকে আপনার টেলিফোন নাম্বার বলুন
- যে ভাষার ইন্টারপ্রিটার প্রয়োজন সেই ভাষার নাম বলুন
- সম্ভব হলে আপনি কি ধরনের সাহায্য চাচ্ছেন তা ইংরেজিতে তাদেরকে বলুন
- তারপর কয়েক মিনিটের ভিতরেই কেউ না কেউ একজন ইন্টারপ্রিটারের মাধ্যমে আপনাকে ফোন করবেন এবং আপনার অনুসন্ধানের ব্যাপারে সাহায্য করবেন।

Prestige Network

LOTTERY FUNDED

This leaflet has been produced as part of the *Parents and Paediatricians Together* project and funded by the Big Lottery Fund.

Registered Office: 209-211 City Road,
London EC1V 1JN
Registered Charity Number: 284912
Company limited by guarantee
Registered in England and Wales No. 1633333
VAT Registration No. GB 749 3846 82

যদিও তথ্যের এই পুস্তিকাটি রচনা ও তৈরি করার সময় যথেষ্ট মনোযোগ প্রদান করা হয়েছে তথাপি এতে কোনো ভুল থাকলে বা কোনো কিছু বাদ পড়ে থাকলে Contact a Family দায়ী থাকবে না।

Concerned about your child – Bengali version

© Contact a Family, January 2007

contact a family
for families with disabled children

- কথাবার্তা
- খাওয়ানো
- অঙ্গ প্রত্যঙ্গের সমন্বয়
- দাঁত
- টয়লেট শিক্ষা
- লেখাপড়া শিখা
- আচরণ
- ঘুম

# আপনার বাচ্চাকে নিয়ে কি চিন্তিত?

এসব লোক হয়তো আপনাকে সাহায্য করতে পারবেন

অর্ডার কোড: C5

Parents & Paediatricians together

The Royal College of Paediatrics and Child Health এর সাথে Contact a Family একযোগে কার্যরত

## কতিপয় দক্ষতা অর্জন করার ক্ষেত্রে কি আপনার বাচ্চা সমস্যার সম্মুখীন হচ্ছে?

## সাহায্য ও পরামর্শ নেওয়ার সময় কখনোই ফুরিয়ে যায় না।

আপনার বাচ্চার শারীরিক ও মানসিক বিকাশ ধীর গতিতে হচ্ছে কি না, এবং যতটুকু পেছনে পড়েছে তা পূরণ করতে পারবে কি না অথবা আপনার সাহায্য চাওয়ার প্রয়োজন কি না, ইত্যাদি ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া আপনার জন্য অনেক সময় কঠিন হতে পারে।

আগেভাগেই সাহায্য নিলে কিছু বাচ্চার ক্ষেত্রে তা বিরাট পরিবর্তন নিয়ে আসে। অনেক ধরনের লোক রয়েছেন যারা সাহায্য করতে পারবেন ।

আপনার বাচ্চা সম্পর্কে কোনো চিন্তা বা উদ্বেগ থাকলে, তা নিয়ে আপনার **পারিবারিক ডাক্তার (জিপি), হেলথ ভিজিটার** বা **নার্সের** সংগে আলাপ করুন। ডাক্তার বা নার্স আপনার বাচ্চাকে কোনো একজন **পিডিট্রিশিয়ান (শিশু বিশেষজ্ঞ ডাক্তার)**-কে দেখানোর পরামর্শ দিতে পারেন। **পিডিট্রিশিয়ান** আপনার বাচ্চার সমস্যার জন্য দায়ী কোনো কিছু থাকলে তা বের করার চেষ্টা করবেন অথবা কোনো একজন বিশেষজ্ঞের কাছে বাচ্চাকে নিয়ে যাওয়ার পরামর্শ দেবেন।

আপনার বাচ্চাকে যদি কোনো হাসপাতালে বা ক্লিনিকে দেখা হতে থাকে, তাহলে যে কোনো সময় সেখানকার ডাক্তার বা নার্সের পরামর্শও নিতে পারেন।

বিভিন্ন ধরনের খেলাধুলা ও শিক্ষামূলক কাজকর্মের মাধ্যমে আপনার বাচ্চার বিকাশ ঘটানো সম্পর্কে স্থানীয় **চিলড্রেন্স সেন্টার (বাচ্চাদের সেন্টার)**-গুলোও পরামর্শ দিতে ও সাহায্য করতে পারবে। স্কটল্যান্ডে এগুলোকে বলা হয় ফ্যামিলি সেন্টার্স বা আর্লি ইয়ার্স সেন্টার্স।

বাচ্চার জন্মের পর আপনাকে পার্সোন্যাল চাইল্ড হেলথ রেকর্ড (বাচ্চার স্বাস্থ্য সম্পর্কিত রেকর্ডপত্র) নামের একটি বই দেওয়া হয়ে থাকবে। বাচ্চার বিকাশ ধীরগতিতে হচ্ছে কি না, তা এই বইয়ের সাহায্যে দেখে নিতে পারবেন। বাচ্চা সম্পর্কিত নতুন তথ্য বইয়ে তুলে নিয়ে তা হালনাগাদ রাখার চেষ্টা করবেন এবং ডাক্তার বা হেলথ ভিজিটারের সাথে দেখা করার সময় বইটি সাথে করে নিয়ে যাবেন।

যেসব শব্দ **ঘন কালো কালি** দিয়ে (বৌল্ড অক্ষরে) লেখা হয়েছে সেগুলো সম্পর্কে এই তথ্যপত্রের শেষে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়েছে।

যে ক্ষেত্রে কোনো ইংরেজি শব্দের বা শব্দাবলীর অনুবাদ সম্ভব নয় সে ক্ষেত্রে ব্রাকেটের (বন্ধনীর) ভিতরে বাংলায় ভাষায় শব্দটির বা শব্দাবলীর ইংরেজি উচ্চারণ প্রদান করা হয়েছে।

## কথাবার্তা বলা এবং মনের কথা আদানপ্রদান

*চলমান...*

একই বয়সের অন্যান্য বাচ্চাদের তুলনায় আপনার বাচ্চা যদি সহজ সরল শব্দ সহজে বুঝতে না পারে, অল্প এক দুইটি শব্দ ব্যবহার করে কথাবার্তা বলে, অথবা নির্দিষ্ট কয়েক ধরনের শব্দ উচ্চারণ করতে সমস্যা হয়।

**ডাক্তার** বা **হেলথ ভিজিটার** হয়তো আপনার বাচ্চাকে পাঠাবেন:

- একজন **অডিওলজিস্টের** এর কাছে। **অডিওলজিস্ট** কানে শুনায় সমস্যা রয়েছে এমন বাচ্চাদেরকে দেখে থাকেন এবং কানে শুনার ক্ষমতা উন্নত করার যন্ত্রপাতি সম্পর্কে পরামর্শ দেন,
- কোনো একজন **স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপিস্টের** কাছে পাঠাবেন। **স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপিস্ট** কথাবার্তা বলা ও মনের কথা আদানপ্রদান করার ক্ষমতা উন্নত করার ব্যাপারে আপনার ও আপনার বাচ্চার সংগে কাজ করে যাবেন। বাচ্চা কথা বলতে না পারলে তার মনের কথা আদানপ্রদানের অন্যান্য পদ্ধতি খুঁজে বের করবেন।

আপনার বাচ্চার বয়স পাঁচ বছরের নিচে হলে কোনো একজন **ডাক্তার** বা **হেলথ ভিজিটার** হয়তো পরামর্শ দেবেন:

- কোনো **একটি প্রি-স্কুলে/হোম ভিজিটিং সার্ভিসে** বাচ্চাকে ভর্তি করার জন্য যেগুলো শিশু অবস্থায় কথাবার্তা বলা এবং মূল স্কুলে ভর্তি হওয়ার পূর্বকালীন লেখাপড়ার দক্ষতা অর্জনে বাচ্চাদেরকে সাহায্য করে,
- কোনো একটি **নার্সারি** বা **প্লে স্কুলে/ প্লে গ্রুপে** ভর্তি করার জন্য, যেগুলোতে বাচ্চার সামাজিক দক্ষতা উন্নতকরণে সাহায্য করার মতো ট্রেইনিংপ্রাপ্ত লোক রয়েছেন।

## খাওয়ানো এবং খাওয়া

আপনার বাচ্চার যদি গলা দিয়ে গিলতে, খেতে বা পান করতে সমস্যা থাকে অথবা খাওয়ার প্রতি ।

বুকের দুধ, বোতলের দুধ পান করানো এবং শক্ত খাবার খাওয়ানো শুরু করা সহ, বাচ্চাকে খাওয়ানোর বিভিন্ন বিষয়ে আপনার **হেলথ ভিজিটার** আপনাকে পরামর্শ দিতে পারবেন।

**ডাক্তার** বা **হেলথ ভিজিটার** হয়তো আপনার বাচ্চাকে পাঠাবেন:

- একজন **স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপিস্টের** কাছে, যিনি গিলার সমস্যার ক্ষেত্রে সাহায্য করতে পারবেন,
- কোনো একজন **ডায়েটিশিয়ান** এর কাছে যিনি খাবার, ডায়েট (স্বাস্থ্যকর খাবার) এবং পুষ্ঠি সম্পর্কে পরামর্শ দিতে পারবেন,
- কোনো একজন **ক্লিনিক্যাল সাইকোলজিস্ট** এর কাছে, যিনি খাওয়ার প্রতি বাচ্চাকে অনুপ্রাণিত করার ব্যাপারে সাহায্য ও পরামর্শ দিতে পারবেন।

## চলাচল এবং অঙ্গপ্রত্যঙ্গের সমন্বয় সাধন

একই বয়সের অন্যান্য বাচ্চাদের তুলনায় যদি আপনার বাচ্চার বসতে, হাঁটতে, জিনিসপত্র হাত দিয়ে ধরতে, অথবা দেহের নির্দিষ্ট কয়েকটি অংশ ব্যবহার করতে সমস্যা থাকে।

**ডাক্তার** বা **হেলথ ভিজিটার** আপনার বাচ্চাকে পাঠাতে পারেন:

- কোনো একজন **ফিজিওথেরাপিস্ট** এর কাছে এবং **ফিজিওথেরাপিস্ট** ব্যায়ামের মাধ্যমে বাচ্চার চলাচল এবং অঙ্গপ্রত্যঙ্গের সমন্বয়ন উন্নত করার ব্যাপারে পরামর্শ ও সাহায্য দিতে পারবেন,
- কোনো একজন **ওকুপ্যাশন্যাল থেরাপিস্ট** এর কাছে এবং **ওকুপ্যাশন্যাল থেরাপিস্ট** আপনার বাচ্চার প্রত্যঙ্গগুলোর সমন্বয় ক্ষমতা পরীক্ষা করবেন, পরামর্শ দেবেন এবং দৈনন্দিন কাজকর্মে সাহায্যকারী যন্ত্র/সামগ্রীর ব্যাপারে বলে দেবেন।

আপনার বাচ্চা বড় হতে অথবা তার সমস্যায় পরিবর্তন আসতে থাকা কালে তার জন্য হয়তো বাড়তি সাহায্যের প্রয়োজন হতে পারে। এমতাবস্থায় পেশাজীবিদের কাছে পুনরায় গিয়ে সাহায্য চাইতে দ্বিধা করবেন না।

## দাঁত

যদি দাঁত পরিষ্কার করার ক্ষেত্রে আপনার বাচ্চার সমস্যা থাকে অথবা ডেন্টিস্টের (দাঁতের ডাক্তারের) কাছে যেতে ভয় পায়।

**ডাক্তার** বা **হেলথ ভিজিটার** বা স্থানীয় কোনো **ডেন্টিস্ট** হয়তো পরামর্শ দেবেন:

- কোনো একজন **কমিউনিটি ডেন্টিস্ট** এর কাছে আপনার বাচ্চাকে নিয়ে যাওয়ার জন্য। বাচ্চাদের দাঁতের চিকিৎসা করার ব্যাপারে **কমিউনিটি ডেন্টিস্টদের** ট্রেইনিং রয়েছে এবং ডিজেবোল্ড (প্রতিবন্ধি) বাচ্চাদের জন্য তাদের কাছে বিশেষ ধরনের যন্ত্রপাতি থাকে।

## টয়লেট শিক্ষা বা প্রস্রাব পায়খানার নিয়ন্ত্রণহীনতা

প্রস্রাব বা পায়খানা নিয়ন্ত্রণ ক্ষমতা অর্জন করতে যদি আপনার বাচ্চার দেরী হয়।

আপনার **হেলথ ভিজিটার** টয়লেট ট্রেইনিং সম্পর্কে পরামর্শ দিতে পারবেন।
তিনি হয়তো বাচ্চাকে পাঠাবেন:

- **প্রস্রাব পায়খানা নিয়ন্ত্রণের ব্যাপারে পরামর্শ দেন এমন** কারোর কাছে যিনি আপনার বাচ্চার প্রস্রাব পায়খানা নিয়ন্ত্রণের ব্যাপারে পরামর্শ এবং ব্যবহারিক সাহায্য দিতে পারবেন,
- একজন পিডিয়াট্রিশিয়ান এর কাছে যিনি এই সমস্যার পিছনে কোনো স্বাস্থ্যগত কারণ রয়েছে কি না পরীক্ষা করে দেখবেন,
- কোনো একজন **ক্লিনিক্যাল সাইকোলজিস্টের** কাছে যিনি টয়লেট ব্যবহার করার ব্যাপারে বাচ্চাকে উৎসাহ যোগানো সম্পর্কে পরামর্শ দেবেন।

বাচ্চার বয়স 3 বছর পার হয়ে যাওয়ার পরও যদি সে ন্যাপী না ছাড়ে, তাহলে NHS (এন.এইচ.এস) অনেক সময় ন্যাপী এবং প্রস্রাব পায়খানার সামগ্রী দিয়ে সাহায্য করে। এই সেবা সম্পর্কে আপনার **হেলথ ভিজিটার** বা **জিপি** আপনাকে বিস্তারিত বলতে পারবেন।

## লেখাপড়া শিখায় সমস্যা বা দূর্বল মনোযোগ

আপনার বাচ্চার যদি তথ্য মনে রাখা, শিশুকালীন লেখাপড়ার দক্ষতা অর্জন করা বা অনুরোধের প্রতি সাড়া দেওয়ার ক্ষেত্রে সমস্যা থাকে।

**ডাক্তার** বা **হেলথ ভিজিটার** আপনার বাচ্চাকে:

- 5 বছরের নিচের বয়সের বাচ্চাদের কোনো একটি **নার্সারি স্কুল** বা **প্লে স্কুলে/প্লে গ্রুপে** ভর্তির জন্য পাঠাতে পারেন, যেগুলোতে বাচ্চাদেরকে নতুন নতুন দক্ষতা শিখানোর মতো ট্রেইনিংপ্রাপ্ত লোক রয়েছেন,
- কোনো একটি **প্রি-স্কুলের হোম ভিজিটিং/সার্ভিসে** পাঠাতে পারেন যেখানে মূল স্কুলে ভর্তি হওয়ার অনেক আগেই শিশুকালীন কথাবার্তা বলায় ও লেখাপড়ার দক্ষতাগুলো রপ্ত করায় বাচ্চাকে সাহায্য করা হবে।

*চলমান..*

- একজন **স্পেশ্যাল এজুক্যাশন্যাল নীড্স কো-অর্ডিনেটর** সংক্ষেপে SENCO (সেনকো)-র কাছে পাঠাতে পারেন, যিনি ইংল্যান্ড এবং ওয়েল্সের কোনো বাচ্চার লেখাপড়ায় বাড়তি সাহায্যের প্রয়োজন হলে তার ব্যবস্থা করেন। স্কটল্যান্ডে হোম ভিজিটিং টিচার, বাচ্চার ক্লাস টিচার অথবা অন্য কোনো একজন কর্মকর্তা এই দায়িত্ব পালন করেন,
- কোনো একজন এজুক্যাশন্যাল সাইকোলজিস্টের কাছে পাঠাতে পারেন, যিনি আপনার বাচ্চাকে পর্যবেক্ষণ করে তার জন্য উপযুক্ত পাঠদান বা আচরণ কর্মসূচী সম্পর্কে পরামর্শ দেবেন ।

## আচরণ

আপনার বাচ্চার আচরণ যদি পারিবারিক জীবনকে বা তার লেখাপড়া শিখার ক্ষমতাকে মারাত্মক ভাবে বিঘ্নিত করে।

কিছু স্বাস্থ্যগত কারণে বাচ্চা খারাপ আচরণ প্রদর্শন করতে পারে। অনেকটা সহজ কিছু কৌশল অবলম্বন করে খারাপ আচরণ দূর করা যায়। বাচ্চার খারাপ আচরণের জন্য পেশাজীবিদের সাহায্য চাইতে গিয়ে মা-বাবার লজ্জাবোধ করা ঠিক নয়।

**ডাক্তার, হেলথ ভিজিটার** বা বাচ্চার স্কুল হয়তো:

- আপনাকে কোনো একজন **সোশ্যাল ওয়ার্কারের** কাছে পাঠাতে পারেন, যিনি **বাচ্চাদের লালন পালন শিক্ষার ক্লাসে** যোগদানে আপনাকে সাহায্য করতে পারবেন অথবা বাচ্চার আচরণ নিয়ন্ত্রণ করার কলা-কৌশল বের করতে সাহায্য করবেন,
- সমস্যা দূরীকরণে সাহায্যের জন্য কোনো একজন **এজুক্যাশন্যাল সাইকোলজিস্ট** বা **ক্লিনিক্যাল সাইকোলজিস্টের** কাছে পাঠাতে পারেন,
- বাচ্চাকে পরীক্ষা নিরীক্ষা করা ও তার আচরণ নিয়ন্ত্রণ করার উত্তম পন্থা সম্পর্কে পরামর্শ লাভের জন্য কোনো একজন **পিডিট্রিশিয়ান** বা **সাইকিয়াট্রিস্টের** কাছে পাঠাতে পারেন।

## রাতের ঘুম

আপনার বাচ্চার ঘুম আসতে যদি অনেক দেরী হয় অথবা রাতে যদি সে ঘন ঘন জেগে উঠে।

বাচ্চা না ঘুমালে মা-বাবা ক্লান্ত ও পরিশ্রান্ত হয়ে উঠেন। তবে অনেক সময় এর সমাধান পাওয়া যায়:

- বাচ্চার ঘুম বাড়ানোর কলা-কৌশল সম্পর্কে কোনো একজন **হেলথ ভিজিটার** পরামর্শ দিতে পারবেন,
- আপনার ডাক্তার হয়তো বাচ্চাকে কোনো একজন **পিডিট্রিশিয়ান** বা **সাইকিয়াট্রিস্টের** কাছে পাঠাবেন, যারা বাচ্চাকে পরীক্ষা করে সমস্যা বের করবেন এবং ঘুমে সাহায্যের জন্য নানা ধরনের চিকিৎসা ব্যবস্থা বা আচরণ পরিকল্পনা সম্পর্কে পরামর্শ দেবেন।

## ইংরেজি অক্ষরের ক্রমানুসারে বিশেষ বিশেষ শব্দ বা শব্দাবলীর ব্যাখ্যা

যে ক্ষেত্রে কোনো ইংরেজি শব্দের বা শব্দাবলীর অনুবাদ সম্ভব নয় সে ক্ষেত্রে ব্রাকেটের (বন্ধনীর) ভিতরে বাংলায় ভাষায় শব্দটির বা শব্দাবলীর ইংরেজি উচ্চারণ প্রদান করা হয়েছে।

**অডিওলজিস্ট** কানে শোনার ক্ষমতা পরীক্ষা বা হিয়ারিং টেস্ট করেন এবং বাচ্চার জন্য দরকার হলে কানে শোনায় সাহায্যকারী যন্ত্রপাতি পেতে সাহায্য করেন।

**ক্লিনিক্যাল সাইকোলজিস্ট** খাওয়া, টয়লেট ব্যবহার করা এবং আচরণ সমস্যা সম্পর্কে পরামর্শ দিতে পারেন। বাচ্চার সমস্যাগুলোর কারণে পরিবার কতটুকু প্রভাবিত হচ্ছে তা নিয়ে ক্লিনিক্যাল সাইকোলজিস্টের সাথে আলাপ করলে মা-বাবা সাহায্য পেতে পারেন।

**কমিউনিটি ডেন্টিস্ট ডায়েট** (স্বাস্থ্যকর খাবার) সম্পর্কে, বাচ্চার সুস্থ সুন্দর দাতের জন্য পরিকল্পনা করার ব্যাপারে পরামর্শ দিতে পারবেন। তাছাড়া প্রচলিত ডেন্টাল সার্ভিস (দাঁতের চিকিৎসা) ব্যবস্থা যেসব বাচ্চার কাছে সমস্যাজনক হয়, তাদের দাঁতের চিকিৎসা তারা করে থাকেন।

**কন্টিনেন্স এডভাইজার** পরামর্শ এবং ব্যবহারিক সাহায্য দিতে পারবেন, যদি বাচ্চা প্রস্রাব পায়খানা নিয়ন্ত্রণ করতে না পারে। বাচ্চার বয়স 3 বছরের বেশি হলে প্রয়োজন বোধে উপযুক্ত ন্যাপী বা যন্ত্রপাতি পেতেও তিনি আপনাকে সাহায্য করতে পারবেন।

**ডায়েটিশিয়ান** খাবার, ডায়েট (স্বাস্থ্যকর খাবার) এবং পুষ্ঠি সম্পর্কে পরামর্শ দিতে পারবেন যদি বাচ্চা খেতে না চায়, তাকে বিশেষ কোনো ধরনের খাবার খেতে হয় অথবা চিবাতে এবং/বা গিলতে সমস্যা থাকে।

**এজুক্যাশন্যাল সাইকোলজিস্ট** বাচ্চার শারীরিক ও মানসিক বিকাশ পরীক্ষা করতে পারবেন, বাচ্চার মা-বাবা ও টিচারদেরকে লেখাপড়া এবং আচরণ সম্পর্কে পরামর্শ ও সাহায্য দিতে পারবেন।

ডাক্তারী সাহায্য এবং পরামর্শের জন্য যার সাথে সর্বপ্রথম যোগাযোগ করতে হবে তিনি হলেন **ফ্যামিলি ডক্টর (জিপি)**। তিনি অন্য কোনো বিশেষজ্ঞ ডাক্তারের দ্বারা আপনার বাচ্চাকে দেখার ব্যবস্থা করতে পারবেন।

**হেলথ ভিজিটার** হলেন একজন নার্স যিনি পরিবার ও কমিউনিটির সংগে কাজ করার ব্যাপারে বাড়তি ট্রেইনিং নিয়েছেন। তিনি দৈনন্দিন বিষয়াদি যেমন বাচ্চাকে খাওয়ানো, ঘুম পাড়ানো, লেখাপড়া শিখানো, বাচ্চার শারীরিক ও মানসিক বিকাশ, এবং আচরণ সম্পর্কে ব্যবহারিক সাহায্য দিতে পারবেন।

কোনো কোনো হেলথ ভিজিটার বিশেষ বিশেষ দায়িত্ব পালন করেন যেমন ডিজেবোল্ড (প্রতিবন্ধি) বাচ্চাদের সাহায্য করার কাজে শরীক হন।

**নার্সারি** বা **প্লে স্কুল/প্লে গ্রুপ** মূল স্কুলে ভর্তি হওয়ার বয়স হয়নি এমন বাচ্চাদেরকে, বিশেষ করে 3-5 বছর বয়সের বাচ্চাদেরকে, শিক্ষামূলক ও আনন্দের কাজকর্মে যোগদানের সুযোগ প্রদান করে। কিছু প্রি-স্কুলে বা প্রি-গ্রুপে লেখাপড়ায় বাড়তি সাহায্য দেওয়ার প্রয়োজন এমন বাচ্চাদের সাথে কাজ করার ব্যাপারে বিশেষ ভাবে ট্রেইনিংপ্রাপ্ত কর্মী রয়েছেন।

**ওকুপ্যাশন্যাল থেরাপিস্ট** হাত ও চোখের সমন্বয় ক্ষমতা, বোধগম্যতা এবং অনুকরণ দক্ষতার উপর বিশেষ ভাবে নজর প্রদান করেন। তিনি দৈনন্দিন কাজকর্ম যেমন বাচ্চাকে খাওয়ানো, জামা-কাপড় পরানো, টয়লেট করানো, গোসল করানো ইত্যাদির ব্যাপারে ও উপযুক্ত যন্ত্র-সামগ্রীর ব্যাপারে এবং কচি বাচ্চাদের খেলাধূলার ব্যাপারে ও অধিকতর বড় বাচ্চাদেরকে লেখা শিখানোর ব্যাপারে পরামর্শ দিতে পারবেন।

**পিডিট্রিশিয়ান** হলেন একজন ডাক্তার যিনি শিশু, বাচ্চা এবং কিশোর কিশোরীদের যত্ন নেওয়ার ব্যাপারে বিশেষজ্ঞ। একজন পিডিট্রিশিয়ান বাচ্চার ও বাচ্চার পরিবারের ব্যবস্থাপনা, সেবাযত্ন এবং শিক্ষার সংগে জড়িত অন্যান্য প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় সাধান ও সংযোগ স্থাপন করতে পারেন।

অনেক সময় স্থানীয় ভাবে বাচ্চাদের লালন **পালনের দক্ষতা শিক্ষার ক্লাস (প্যারেন্টিং ক্লাস)** এর আয়োজন করা হয়। এগুলোতে যোগ দিয়ে মা-বাবারা বাচ্চাদের সাথে সম্পর্ক উন্নত করার এবং সচরাচর যেসব সমস্যার সম্মুখীন হন সেগুলোর সুরাহা করার কলা-কৌশল জেনে নিতে পারেন।

**ফিজিওথেরাপিস্ট** চলাচল ও নড়াচড়ার ক্ষমতা ব্যবস্থাপনা ও উন্নত করার ব্যাপারে সাহায্য করেন। তিনি বাচ্চাদেরকে বিভিন্ন ভাবে সাহায্য করতে পারেন। এগুলোর মধ্যে হয়তো থাকতে পারে ব্যায়ামের মাধ্যমে দূর্বল মাংসপেশী শক্ত করা, খেলাধূলার মাধ্যমে অঙ্গপ্রত্যঙ্গের সমন্বয় ও সঞ্চালন বৃদ্ধি করা।

যেসব বাচ্চার শারীরিক ও মানসিক বিকাশ ঘটতে বিলম্ব হচ্ছে সেসব বাচ্চার জন্য **মূল স্কুলে** বাচ্চাকে ভর্তি করার পূর্বে বাচ্চার ঘরে গিয়ে সাহায্য করার ব্যবস্থা রয়েছে। ইংল্যান্ডে এই ব্যবস্থাকে বলা হয় Portage (পর্টেইজ)। কোনো একজন টিচার বা পর্টেইজ হোম ভিজিটার মা-বাবার সংগে তাদের নিজ নিজ ঘরে একযোগে কাজ করেন এবং কচি বাচ্চাদের খেলাধূলার দক্ষতা অর্জনে, কথোপকথনে, সম্পর্ক উন্নতকরণে এবং লেখাপড়া শিখনে ব্যবহারিক সাহায্য ও ধ্যান ধারণা প্রদান করেন।

**সাইকিয়াট্রিস্ট** হলেন একজন ডাক্তার যিনি মনের ভাবনায়, অনুভূতিতে বা আচরণে প্রভাব সৃষ্টিকারী সমস্যাগুলোর ব্যাপারে বিশেষজ্ঞ। একজন চাইল্ড এন্ড এডোলোসেন্ট সাইকিয়াট্রিস্ট বাচ্চা ও কিশোর কিশোরীদের ব্যাপারে বিশেষজ্ঞ। বাচ্চার জন্য কি ধরনের সাহায্য উপযুক্ত হবে তা নির্ধারণ করার আগে সাইকিয়াট্রিস্ট হয়তো পরিবারের সবার সাথে দেখা করতে চাইবেন। তিনি ঔষধের ব্যবস্থা দিতে পারবেন এবং বাচ্চাকে কোনো একজন **ক্লিনিক্যাল সাইকোলজিস্টকে** দেখানোর সুপারিশ করতে পারেন।

একজন **সোশ্যাল ওয়ার্কার** বাচ্চা ও পরিবারদেরকে ব্যবহারিক ও আর্থিক বিষয়াদিতে পরামর্শ দিয়ে, স্থানীয় সেবা ব্যবস্থাগুলো সম্পর্কে তাদেরকে জানিয়ে দিয়ে এবং মাঝেমধ্যে প্রয়োজনীয় সাহায্যের ব্যবস্থা করে দিয়ে সাহায্য করেন।

**স্পেশ্যাল এজুক্যাশন্যাল নীড্স কো-অর্ডিনেটর বা সেনকো**
ইংল্যান্ড এবং ওয়েলসের ক্ষেত্রে তাদের নিজ নিজ স্কুলের যেসব বাচ্চার লেখাপড়ায় বাড়তি সাহায্যের প্রয়োজন রয়েছে সেসব বাচ্চার জন্য সাহায্য সহায়তা ব্যবস্থার সমন্বয় সাধনের দায়িত্ব পালন করেন। বাচ্চা মূল স্কুলে ভর্তি হওয়ার অনেক আগে থেকেই তিনি এই ব্যবস্থা করতে পারবেন এবং মূল স্কুলে ভর্তি হওয়ার পরেও তা চলতে থাকবে। স্কটল্যান্ডে বাচ্চা মূল স্কুলে ভর্তি হওয়ার আগে প্রি-স্কুলের হোম ভিজিটিং টিচার এই দায়িত্ব পালন করেন। সেখানে বাচ্চা মূল স্কুলে ভর্তি হওয়ার পর হয় একজন ক্লাস টিচার নতুবা Additional Support Learning (এডিশন্যাল সাপোর্ট লার্নিং) এর একজন কর্মী এই দায়িত্ব পালন করেন।



## আরো তথ্য এবং পরামর্শ

আপনার কোনো ডিজেবোল্ড বাচ্চা থাকলে Contact a Family (কন্টাক্ট এ ফ্যামিলি) আরো তথ্য জানতে ও পরামর্শ নিতে আপনাকে সাহায্য করতে পারবে যেমন:

- বাচ্চার কথোপকথনে, প্রস্রাব পায়খানা নিয়ন্ত্রণে বা আচরণ সমস্যায় সাহায্যকারী প্রতিষ্ঠানগুলোর সংগে যোগাযোগ করিয়ে দিতে পারবে,
- নির্দিষ্ট কোনো স্বাস্থ্য সমস্যা বা রোগের ব্যাপারে সাহায্যকারী সংগঠনের সংগে যোগাযোগ করিয়ে দিতে পারবে,
- আপনার অধিকার ও প্রাপ্যগুলো সম্পর্কে পরামর্শ দিতে পারবে।

**স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপিস্ট** হয় কথাবার্তার মাধ্যমে অথবা অন্য কোনো উপায়ে মনের কথা আদানপ্রদানের দক্ষতা অর্জনে বাচ্চাদেরকে সাহায্য করেন।
তাছাড়া খাওয়া, পান করা এবং গলা দিয়ে গিলায় সমস্যা থাকলেও সাহায্য করতে পারবেন।

কোনো কোনো এলাকায় স্থানীয় **চিলড্রেন্স সেন্টার (বাচ্চাদের কেন্দ্র)** থেকে শিক্ষা, স্বাস্থ্য এবং শিশু পরিচর্যা সম্পর্কে পাঁচ বছরে নিচের বয়সের বাচ্চা ও তাদের পরিবারদেরকে সাহায্য ও পরামর্শ প্রদান করা হয়। স্কটল্যান্ডে এগুলোকে বলা হয় **ফ্যামিলি সেন্টার** বা **আর্লি ইয়ার্স সেন্টার**। 2010 সালের ভিতরে প্রতিটি কমিউনিটিতে এ ধরনের একটি সেন্টার থাকবে।